



## জনসংযোগ কার্যালয়

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: [www.juniv.edu](http://www.juniv.edu)



### প্রেস বিজ্ঞপ্তি

জাবি আবাসিক হল খুলবে ১১ অক্টোবর ॥ ২১ অক্টোবর স্ব শরীরে ক্লাস শুরুর পাশাপাশি অনলাইন  
শিক্ষা কার্যক্রম অব্যাহত থাকবে ॥ স্বাস্থ্যবিধি অনুসরণ করা এবং মাস্ক পরিধান বাধ্যতামূলক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩ অক্টোবর ২০২১।

আগামী ১১ অক্টোবর ২০২১ তারিখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খুলে দেয়ার সব ধরনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের সভাপতিত্বে আজ অনুষ্ঠিত এক প্রশাসনিক সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ, হলসমূহের প্রভোস্ট, বিভাগীয় সভাপতি, ইনসিটিউটের পরিচালক এবং অন্যান্য অফিস প্রধানগণ অংশগ্রহণ করেন। সভায় বিশ্ববিদ্যালয় খোলার প্রস্তুতির সার্বিক বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় উপাচার্য সংশ্লিষ্ট সকলকে এ ব্যাপারে কর্মতৎপর দায়িত্বশীল আচরণ করার নির্দেশ দেন।

এরআগে গতকাল সন্ধ্যায় অনুষ্ঠিত সিভিকেট সভায় আগামী ১১ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খোলার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। একই তারিখে বিশ্ববিদ্যালয়ের বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, নৃনতম পক্ষে ১ ডোজ টিকা গ্রহণকারী শিক্ষার্থীরা আবাসিক হলে প্রবেশের অনুমতি পাবে। সিভিকেট সভায় আগামী ২১ অক্টোবর থেকে স্বশরীরে শিক্ষা কার্যক্রম শুরু করার পাশাপাশি অনলাইন শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়। স্বশরীরে শিক্ষা কার্যক্রম স্ব বিভাগের নির্দেশনা অনুযায়ী চলবে বলে সিদ্ধান্ত নেয়া হয়। সভায় আরও সিদ্ধান্ত নেয়া হয় যে, ৪৯তম ব্যাচের শিক্ষার্থীরা অনলাইনে প্রথম বর্ষ চূড়ান্ত পরীক্ষা শেষ করে স্ব স্ব হলের প্রভোস্টের সাথে যোগাযোগ করে হলে প্রবেশ করতে পারবে। বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে দোকানপাটের মালিক, কর্মচারি এবং রিস্ক্রা-ভ্যানের চালককে স্বাস্থ্যবিধি মেনে চলা, মাস্ক পরিধান করা এবং টিকা কার্ড সঙ্গে রাখার কথা বলা হয়।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

